গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০২.০০১.১৭ (অংশ-১)- ৭৬৫

তারিখ : ১৬ শ্রাবণ ১৪৩০
৩১ জুলাই ২০২৩

প্রাপক ঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্থানীয় সরকার বিভাগ
সিজিএ ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয় ঃ ২০২৩-২৪ অর্থবছরের পরিচালন বাজেট বরাদ্দ হতে ইউপি সদস্যগণের বর্তমান বছরের সম্মানীভাতার ১ম কিস্তির অর্থ ছাড়করণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে চলতি ২০২৩-২৪ অর্থবছরের পরিচালন বাজেটে ইউনিয়ন পরিষদ খাতের আওতায় ইউপি সদস্যগণের সম্মানী উপখাতে বরাদ্দকৃত ২৬০,০০,০০,০০০.০০ (দুইশত ষাট কোটি) টাকা হতে ইউনিয়ন পরিষদ সদস্যগণের বর্তমান বছরের সম্মানীভাতার সরকারী অংশের ১ম কিস্তি বাবদ ৬৫,০০,০০,০০০.০০ (পয়ষট্টি কোটি) টাকা ছাড়করণে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি। জেলাওয়ারী অর্থ বরাদ্দের পরিমাণ নিম্নে উল্লেখ করা হলো। প্রত্যেক জেলার জন্য মঞ্জুরীকৃত অর্থ উত্তোলনের মঞ্জুরীপত্র সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের নিকট জরুরী ভিত্তিতে প্রেরণপূর্বক অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | বিভাগ | জেলা | বরাদ্দের পরিমাণ | ক্রমিক নং | বিভাগ | জেলা | বরাদ্দের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঢাকা | ঢাকা | ৭০০০০০০ | ৩৩ | রাজশাহী | রাজশাহী | ১০০০০০০০ |
| ২ | | নারায়নগঞ্জ | ৫৫৫০০০০ | ৩৪ | | সিরাজগঞ্জ | ১২০০০০০০ |
| ৩ | | মুন্সিগঞ্জ | ১২২৫০০০০ | ৩৫ | | চাপাইনবাবগঞ্জ | ৬৫০০০০০ |
| ৪ | | মানিকগঞ্জ | ৯৫০০০০০ | ৩৬ | | পাবনা | ১০০০০০০০ |
| ৫ | | নরসিংদী | ১০০০০০০০ | ৩৭ | | নাটোর | ৭২৫০০০০ |
| ৬ | | গাজীপুর | ৫৬০০০০০ | ৩৮ | | বগুড়া | ১৪৭৫০০০০ |
| ৭ | | কিশোরগঞ্জ | ১৪৭৫০০০০ | ৩৯ | | জয়পুরহাট | ৪৭৫০০০০ |
| ৮ | | টাংগাইল | ১৭৫০০০০০ | ৪০ | | নওগাঁ | ১৪০০০০০০ |
| ৯ | | ফরিদপুর | ১১১০০০০০ | ৪১ | রংপুর | রংপুর | ১০৫০০০০০ |
| ১০ | | মাদারীপুর | ৯০০০০০০ | ৪২ | | কুড়িগ্রাম | ১০০০০০০০ |
| ১১ | | রাজবাড়ী | ৬৫০০০০০ | ৪৩ | | পঞ্চগড় | ৬০০০০০০ |
| ১২ | | শরীয়তপুর | ১১০০০০০০ | ৪৪ | | দিনাজপুর | ১৪০০০০০০ |
| ১৩ | | গোপালগঞ্জ | ৯৭৫০০০০ | ৪৫ | | লালমনিরহাট | ৬৫০০০০০ |
| ১৪ | ময়মনসিংহ | ময়মনসিংহ | ১৯৭৫০০০০ | ৪৬ | | গাইবান্ধা | ১১০০০০০০ |
| ১৫ | | নেত্রকোনা | ১২০০০০০০ | ৪৭ | | নীলফামারী | ৯২০০০০০ |
| ১৬ | | শেরপুর | ৬৫০০০০০ | ৪৮ | | ঠাকুরগাঁও | ১০৫০০০০০ |
| ১৭ | | জামালপুর | ৯৫০০০০০ | ৪৯ | খুলনা | খুলনা | ৯৭৫০০০০ |
| ১৮ | চট্টগ্রাম | চট্টগ্রাম | ২৫০০০০০০ | ৫০ | | যশোর | ১৩০০০০০০ |
| ১৯ | | ব্রাহ্মণবাড়িয়া | ১৪০০০০০০ | ৫১ | | নড়াইল | ৫৫০০০০০ |
| ২০ | | চাঁদপুর | ১২০০০০০০ | ৫২ | | মেহেরপুর | ৩০০০০০০ |
| ২১ | | লক্ষীপুর | ৮৫০০০০০ | ৫৩ | | বাগেরহাট | ১০৫০০০০০ |
| ২২ | | নোয়াখালী | ১২৫০০০০০ | ৫৪ | | চুয়াডাঙ্গা | ৬০০০০০০ |
| ২৩ | | ফেনী | ৭০০০০০০ | ৫৫ | | মাগুরা | ৫৫০০০০০ |
| ২৪ | | কক্সবাজার | ১০০০০০০০ | ৫৬ | | কুষ্টিয়া | ৯৫০০০০০ |

(অ:পৃ:দ্র:)

| ক্রমিক নং | বিভাগ | জেলা | বরাদ্দের পরিমাণ | ক্রমিক নং | বিভাগ | জেলা | বরাদ্দের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|
| ২৫ | চট্টগ্রাম | রাঙ্গামাটি | ৭২৫০০০০ | ৫৭ | খুলনা | সাতক্ষীরা | ১১০০০০০০ |
| ২৬ | | কুমিল্লা | ২৫৫০০০০০ | ৫৮ | | ঝিনাইদহ | ৯৫০০০০০ |
| ২৭ | | খাগড়াছড়ি | ৬৫০০০০০ | ৫৯ | বরিশাল | বরিশাল | ১২০০০০০০ |
| ২৮ | | বান্দরবান | ৫০০০০০০ | ৬০ | | বরগুনা | ৬০০০০০০ |
| ২৯ | সিলেট | সিলেট | ১৪৫০০০০০ | ৬১ | | পিরোজপুর | ৯৫০০০০০ |
| ৩০ | | হবিগঞ্জ | ১০৮০০০০০ | ৬২ | | পটুয়াখালী | ১০৫০০০০০ |
| ৩১ | | মৌলভীবাজার | ৯৫০০০০০ | ৬৩ | | ঝালকাঠি | ৪৫০০০০০ |
| ৩২ | | সুনামগঞ্জ | ১২০০০০০০ | ৬৪ | | ভোলা | ১০০০০০০০ |
| | | | | | | | মোট = ৬৫,০০,০০,০০০.০০ |

(কথায়: পয়ষট্টি কোটি টাকা মাত্র)

২। জেলা প্রশাসকগণ তাঁদের অনুকুলে বরাদ্দকৃত অর্থ ট্রেজারী হতে উত্তোলন করে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তাগনকে তাঁদের হিসাব অনুযায়ী অর্থ চেকের মাধ্যমে প্রদান করবেন। উপজেলা নির্বাহী কর্মকর্তাগণ সম্মানী বাবদ বরাদ্দকৃত অর্থ দ্বারা ইউপি সদস্যদেরকে বকেয়াসহ বর্তমান বছরের সম্মানীভাতার সরকারী অংশ সরাসরি প্রদান করবেন;

৩। চলতি অর্থবছরের (২০২৩-২৪) অনুন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৪, হিসাবের খাত নং-১৩৭০১০১/১৪৭০০০০০০/৩৬৩১১০৩ পন্য ও সেবা বাবদ সহায়তা খাত হতে উপরোক্ত ব্যয় নির্বাহ হবে;

৪। এক খাতের টাকা অন্য খাতে ব্যয় করা যাবে না। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর,২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধিবিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;

৫। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৬। ছাড়কৃত অর্থ ব্যয়ে জেলা প্রশাসকের সংশ্লিষ্টতা থাকায় অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী জেলাওয়ারী বরাদ্দ Integrated Budget & Accounting System (iBAS++)এ সংশ্লিষ্ট জেলা কোড নম্বরে [ইউনিয়ন পরিষদ (১৩৭-১৩৭০১-১৪৭০০০০০০-জেলা কোড)] এন্ট্রি করা হয়েছে; এবং

৭। ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০ জুন, ২০২৪ এর মধ্যে সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে (অর্থ বিভাগের ২২/০৮/২০২১ তারিখের ৩৩৩নং স্মারকে প্রাপ্ত কোড নং-১-৩৭০১-০০০১-২৬৭১)।

(মোহাম্মদ সাঈদ-উর-রহমান)
উপসচিব
ফোন ঃ ৯৫১৪১৯০
lgup2@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০২.০০১.১৭ (অংশ-২)- ৭৬৫

তারিখ : ১৬ শ্রাবণ ১৪৩০ / ৩১ জুলাই ২০২৩

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ:আ: উপসচিব, বাজেট-১১ শাখা)।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক (সকল)-----------------------------জেলা।
৪। উপসচিব (বাজেট), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল)-------------------উপজেলা-----------------------জেলা।
৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল) ---------------------------------জেলা।
৮। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। অফিস কপি।

(মোহাম্মদ সাঈদ-উর-রহমান)
উপসচিব